

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৩.২০১৪- ০২

তারিখ: ১৫/১২/১৮ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব বিজয় কুমার দাশ, ক্রেডিট সুপারভাইজার কুলাউড়া, মৌলভীবাজার কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচির ৯,৬০,০০০/- টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৬,০১,০০০/- টাকা বিতরণ, জুন ২০১৩ পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচির চলমান কিস্তির আদায়যোগ্য ১,৮০,০০০/- টাকার বিপরীতে ১,২৮,০০০/- টাকা আদায় এবং ২,১১,০০০/- টাকা খেলাপীর বিপরীতে কোন টাকা আদায় করতে না পারার অভিযোগে অত্র দপ্তরের ১৯-০১-২০১৪ খ্রিঃ তারিখের ৩৩ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ৩১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে খেলাপী আদায়ে তিনি সময় প্রার্থনা করলে, তাকে জুন ২০১৪ পর্যন্ত সময় দেয়া হয়। অতঃপর তার আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে কয়েক দফা সময় দেয়া হয়। খেলাপী আদায়ের নিমিত্ত সর্বশেষ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত সময় দেয়া হয়। উক্ত সময়ের মধ্যে তিনি ৪,৪৭,৩৬০/- টাকা আদায় করেন এবং অবশিষ্ট ৪,৭৮,১১২/- টাকার মধ্যে তার বিতরণকৃত খেলাপী রয়েছে ৩,০৭,৮১২/- টাকা। অবশিষ্ট খেলাপী টাকা পূর্বের ক্রেডিট সুপারভাইজারদের দেয়া ঋণ হতে সৃষ্ট। এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুলাউড়া এবং উপ-পরিচালক মৌলভীবাজার উভয়ের প্রত্যয়ন রয়েছে এবং উভয় কর্মকর্তা অভিযুক্ত কর্মচারীকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার জন্য সুপারিশ করেন। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ইতোমধ্যে ঋণ খেলাপীর ৪,৪৭,৩৬০/- টাকা আদায় করেছেন। অবশিষ্ট টাকা আদায়ের জন্য তাকে আরো সময় দেয়া প্রয়োজন। সেক্ষেত্রে, বিভাগীয় মামলায় তাকে শাস্তি দেয়ার লক্ষ্যে মামলার কার্যক্রম চালিয়ে যাওয়া সমীচিন হবে না মর্মে প্রতীয়মান হয়;

০৩। যেহেতু, বিভাগীয় মামলার জবাব, খেলাপী আদায় এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় :

- এক্ষেপে, সেহেতু ক্রেডিট সুপারভাইজার, জনাব বিজয় কুমার দাশ-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো;
- ভবিষ্যতে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে শৈথিল্য প্রদর্শন থেকে বিরত থাকতে তাকে সতর্ক করা হলো;
- তাকে অবশিষ্ট খেলাপী টাকা জুন ২০১৬ মাসের মধ্যে আদায় নিশ্চিত করতে নির্দেশনা দেয়া হলো ;

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখ: ১৫/১২/১৮ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৩.২০১৪- ০২

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজনগর/কুলাউড়া, মৌলভীবাজার।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজনগর/কুলাউড়া, মৌলভীবাজার।
- ০৭। জনাব বিজয় কুমার দাশ, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজনগর/কুলাউড়া, মৌলভীবাজার।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
ফোন : ৯৫৫১৮৫৯